গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

**বিষয় : নবনির্মিত শিশু হাসপাতাল-সমূহের স্বাস্থ্য সেবা কার্যক্রম চালুকরণ।**

| | |
|---|---|
| সভাপতি | : সরদার মোঃ সাখাওয়াত হোসেন, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : ০১ জুন ২০২৬, সোমবার বেলা ১১:০০ টা |
| সভার স্থান | : সভাকক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অনলাইন জুম প্ল্যাটফর্ম |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জুম প্ল্যাটফর্মসহ সশরীরে সভায় যোগদানকৃত সকল সদস্যের সাথে পরিচিত হন এবং সভার আলোচ্যসূচি অনুযায়ী এজেন্ডা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২. **আলোচনা :**

২.১. জনাব মোঃ খোরশেদ আলম, এনডিসি, অতিরিক্ত সচিব (হাসপাতাল অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও কুমিল্লা জেলার ৬টি বিশেষায়িত শিশু হাসপাতালের সেবা কার্যক্রম দ্রুত চালুকরণের উপর গুরুত্বারোপ করেন। তিনি ভবন হস্তান্তর, প্রশাসনিক অনুমোদন, পদ সৃজন, আসবাব ক্রয় এবং প্রাতিষ্ঠানিক কোড সৃষ্টির অগ্রগতি উপস্থাপন করেন।

২.২. সম্প্রতি শিশু হাসপাতাল নিয়ে প্রথম আলোতে প্রকাশিত সংবাদের উদ্ধৃতি দিয়ে মাননীয় মন্ত্রী বলেন, ইতোমধ্যে বেশ কয়েকটি হাসপাতালগলোর পরিদর্শন করা হয়েছে। প্রত্যেকটা প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। এসব শিশু হাসপাতালসমূহ দ্রুত চালু করতে হবে। যন্ত্রপাতি ও জনবল সরবরাহ করতে হবে, পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠাতে হবে, আর্থিক সংশ্লিষ্টতায় অর্থ বিভাগে প্রেরণ করাসহ যত তাড়াতাড়ি সম্ভব মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে উদ্বোধন করাতে হবে। এ লক্ষ্যে তিনি কে কোন কাজ করবেন তা নির্ধারণ করার নির্দেশ দেন।

২.৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, ইতোমধ্যে ৫টি বিশেষায়িত শিশু হাসপাতালের পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে আগামী ৪ জুন ২০২৬ তারিখে সভা অনুষ্ঠিত হবে।

২.৪. অর্থনৈতিক কোড সৃষ্টির বিষয়ে অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, হাসপাতাল হ্যান্ডওভার হওয়ার পরে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। এরপর অর্থনৈতিক কোডের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়।

২.৫. যুগ্মসচিব (পার) সভায় জানান যে, ৬টি বিশেষায়িত শিশু হাসপাতালের নিরাপত্তার জন্য আনসার সদস্যের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

২.৬. সভাপতি শিশু হাসপাতালগুলোর দ্রুত হ্যান্ডওভার করার ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। তিনি জানান নিরাপত্তার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান জনবল নিয়োজিত করার মাধ্যমে সহায়তা করবে। তিনি আগামী ৪ জুন ২০২৬ তারিখের সভায় পদ সৃজনের প্রস্তাব অনুমোদনের জন্য বলেন।

২.৭. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ সভায় অবহিত করেন যে, রাজশাহী শিশু হাসপাতাল হ্যান্ডওভার করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে এবং চলতি সপ্তাহে হ্যান্ডওভার নেওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

২.৮. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ বলেন, ভবন নির্মাণ সমাপ্ত হয়েছে। তবে সাব-স্টেশন ও রাস্তার কাজ চলছে। এ বিষয়ে সভাপতি বলেন, তিনি হাসপাতালটি পরিদর্শন করেছেন। সেবা কার্যক্রম চালুর জন্য ভবনটি প্রস্তুত আছে।

২.৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর জানান, হাসপাতালগুলো হ্যান্ডওভারের জন্য প্রস্তুত আছে। হ্যান্ডওভার করার পরে কোন অসমাপ্ত কাজ থাকলে তা করা যাবে। হস্তান্তরের পরেও কোনো ছোট-খাট সমস্যা থাকলে তা ঠিক করে দেওয়া হবে এবং হাসপাতালগুলো চালু হওয়া পর্যন্ত নিরাপত্তাসহ সকল সহযোগিতা করা হবে।

২.১০. সভাপতি বলেন, আগামী ৪ জুন ২০২৬ তারিখ বৃহস্পতিবারের মধ্যে শিশু হাসপাতালসমূহ হ্যান্ডওভার নিতে হবে। এ কাজের জন্য প্রয়োজনে কমিটি করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী চাচ্ছেন হাসপাতালগুলো চালু হোক। চালু হলে স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি পাবে।

২.১১. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ জানান, বরিশাল শিশু হাসপাতালটি আগামী সপ্তাহের মধ্যে হ্যান্ডওভার হবে। প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পাঠানো হবে।

২.১২. সভাপতি বলেন, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), জেলা প্রশাসক ও পুলিশ সুপারের সমন্বয়ে নবনির্মিত শিশু হাসপাতালসমূহের স্বাস্থ্য সেবা চালুকরণের কার্যক্রম এগিয়ে নিতে হবে। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক-সহ ৫ জন কর্মকর্তাকে ৫টি শিশু হাসপাতাল চালুর দায়িত্ব নিতে হবে। শিশু হাসপাতালসমূহ চালু করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

২.১৩. সবশেষে সভাপতি ৫টি শিশু হাসপাতালে কি কি যন্ত্রপাতি লাগবে তার তালিকা সরবরাহের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক-কে নির্দেশ দেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ-কে যন্ত্রপাতির তালিকা এবং যুগ্মসচিব (পার অধিশাখা)-কে জনবলের তালিকা প্রদান করতে অনুরোধ করেন। তিনি প্রতিটি শিশু হাসপাতালে অ্যাডহক হিসেবে ১ জন করে দায়িত্ব প্রদান এবং সমন্বয়ের জন্য ৫ জন কে দায়িত্ব প্রদানের নির্দেশ দেন।

৩. বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

<table>
<tr><th>নম্বর</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>(১)</td><td>আগামী ০৩ কার্যদিবসের মধ্যে নবনির্মিত শিশু হাসপাতালসমূহের হস্তান্তর/গ্রহণ সম্পন্ন করতে হবে।</td><td>১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৩. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, চট্টগ্রাম)।<br>৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর<br>৫. সিভিল সার্জন, (রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও কুমিল্লা)।</td></tr>
<tr><td>(২)</td><td>নবনির্মিত ৫টি শিশু হাসপাতাল চালুর দায়িত্ব নিম্নোক্ত ৫ জন কর্মকর্তাকে গ্রহণ করতে হবে :
<table>
<tr><th>নম্বর</th><th>হাসপাতালের নাম</th><th>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা</th></tr>
<tr><td>১.</td><td>রংপুর শিশু হাসপাতাল</td><td>মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর</td></tr>
<tr><td>২.</td><td>বরিশাল শিশু হাসপাতাল</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ</td></tr>
<tr><td>৩.</td><td>খুলনা শিশু হাসপাতাল</td><td>অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ</td></tr>
<tr><td>৪.</td><td>কুমিল্লা শিশু হাসপাতাল</td><td>যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ</td></tr>
<tr><td>৫.</td><td>রাজশাহী শিশু হাসপাতাল</td><td>পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর</td></tr>
</table></td><td>১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ<br>৩. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>৪. যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ<br>৫. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর</td></tr>
<tr><td>(৩)</td><td>নবনির্মিত শিশু হাসপাতালসমূহ চালু করতে হলে ন্যূনতম কি কি যন্ত্রপাতি প্রয়োজন তার তালিকা আগামী ০২ (দুই) কর্মদিবসের মধ্যে প্রেরণ করতে হবে।</td><td>মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর</td></tr>
</table>

৪. আর কোন আলোচনা না থাকায় পরিশেষে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ১০/০৬/২০২৬

সরদার মোঃ সাখাওয়াত হোসেন
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.০০০.১৬০.৯১.০০০৩.২৬-৫৭৬

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/ হাসপাতাল/ উন্নয়ন/ পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫. যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা/ পার/ বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন/হাসপাতাল ও ক্লিনিক/পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ চট্টগ্রাম/ ময়মনসিংহ)।
১০. সিভিল সার্জন, (রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও কুমিল্লা)।
১১. ডাঃ মোঃ রাজিউল হক, ওএসডি (গ্রেড-৬) ও সংযুক্ত (মূল পদ- ডেপুটি সিভিল সার্জন), পরিকল্পনা ও গবেষণা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. ডা. শাহ মুহাম্মদ শরীফ, পদায়নের জন্য ন্যস্তকৃত- স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

১০.০৬.২০২৬


**কাজী শরীফ উদ্দিন আহমেদ**
উপসচিব
ফোন : +৮৮-০২-৯৫৫৬৯৮৯
ইমেইল : ghm1@hsd.gov.bd